


যুগান্তর

সরকারি হাইস্কুলে ভর্তি নীতিমালা চূড়ান্ত

নম্বর প্রদানে সমতা নিশ্চিত করা প্রশ্নে ভর্তি পরীক্ষা

প্রকাশ : ৩১ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে এবারও প্রথম শ্রেণিতে লটারির মাধ্যমে ভর্তি পরীক্ষা নেয়া হবে। দ্বিতীয় থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত লিখিত পরীক্ষার বদলে এমসিকিউতে (মাল্টিপল চয়েজ কোয়েশ্চন) নেয়ার প্রস্তাব করা হয়েছিল। তবে এমসিকিউ নিয়ে পাবলিক পরীক্ষায় সুখকর অভিজ্ঞতা না থাকায় শিক্ষা মন্ত্রণালয় ওই প্রস্তাব নাকচ করে দিয়েছে। আগের মতোই ভর্তি করা হবে লিখিত পরীক্ষা নিয়ে।

শিক্ষা মন্ত্রণালয়ে বুধবার মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সিনিয়র সচিব মো. সোহরাব হোসাইনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় ‘সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থী ভর্তি নীতিমালা-২০২০’ চূড়ান্ত করা হয়। এবার মহানগরী ও জেলা সদরের পাশাপাশি উপজেলা পর্যায়ের স্কুলগুলোর ভর্তির আবেদনও অনলাইনে গ্রহণ করতে বলা হয়েছে।

জানতে চাইলে মো. সোহরাব হোসাইন যুগান্তরকে বলেন, দ্রুত ফলাফল তৈরি ও একদিনে সব প্রতিষ্ঠানের পরীক্ষা নেয়ার লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতর (মাউশি) এমসিকিউ পদ্ধতিতে পরীক্ষা নেয়ার প্রস্তাব করেছিল। কিন্তু এমসিকিউ নিয়ে আমাদের অভিজ্ঞতা ভালো নয়। তাই সেটি না করার ব্যাপারে সিদ্ধান্ত হয়েছে। তবে উত্তরের ক্ষেত্রে যাতে ভিন্নতা বেশি না হয় এবং ভিন্ন ভিন্ন শিক্ষক উত্তরপত্র মূল্যায়ন করলেও নম্বর প্রদানে সমতা নিশ্চিত হবে- এমন প্রশ্ন করতে বলা হয়েছে।

নীতিমালা অনুযায়ী আগামী শিক্ষাবর্ষে প্রথম শ্রেণিতে ভর্তির জন্য একজন শিশুর বয়স হতে হবে ছয় বছরের উপরে। ঢাকা মহানগরীর ৩৬টি সরকারি মাধ্যমিক বিদ্যালয়কে তিনটি গুচ্ছে ভাগ করে পরীক্ষা নেয়া হবে। একজন শিক্ষার্থী একটি গুচ্ছের একটি স্কুলেই আবেদন করতে পারবে। আগের মতোই বিদ্যালয় সংলগ্ন ক্যাচমেন্ট এরিয়ার জন্য ৪০ শতাংশ কোটা সংরক্ষণ করা হবে। আর বাকি ৬০ শতাংশ সবার জন্য উন্মুক্ত থাকবে। তবে মুক্তিযোদ্ধা কোটা, শিক্ষা মন্ত্রণালয় ও এর অধীন দফতরগুলোর কর্মকর্তা-কর্মচারীদের সন্তানদের জন্য কোটা সংরক্ষণ করা হবে।

২০২০ শিক্ষাবর্ষে ভর্তির জন্য সব মহানগরী, বিভাগীয় শহর, জেলা ও উপজেলা পর্যায়ের সব সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের ভর্তির আবেদন গ্রহণ, আবেদনের ফি গ্রহণ এবং ফল প্রকাশ অনলাইনে করতে হবে। তবে কোনো কারণে অনলাইনে করা সম্ভব না হলে শুধু উপজেলা পর্যায়ের স্কুলগুলোর জন্য ম্যানুয়ালি আবেদনের সুযোগ রাখা হয়েছে। এবার আবেদন ফি ধরা হয়েছে ১৭০ টাকা।

মাউশি মাধ্যমিক অধ্যাপক ড. মো. আবদুল মান্নান বলেন, শিক্ষা মন্ত্রণালয়ের সভায় নীতিমালা চূড়ান্ত করা হয়েছে। দু-একদিনের মধ্যেই তা সার্কুলার আকারে জারি হবে। এরপর আমরা প্রধান শিক্ষকদের নিয়ে বসব। তাদের সঙ্গে আলোচনা করে অনলাইনে আবেদন, ভর্তি পরীক্ষা গ্রহণসহ অন্যান্য সময়সূচি ঠিক করা হবে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সৰ্বস্বত্ব স্বত্বাধিকাৰ সংৰক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটৰ কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার
বেআইনি।